দৈনিক ইনকিলাব

17

তারিখ ২৭ JUL 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

পাসের হার শতকরা ৪৬.৯৪

# দাখিল পরীক্ষার ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯০ সালে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে।



পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৬ হাজার ৫শ' ৮৪ জন। পরীক্ষায় কৃতকার্য হয়েছে ২১ হাজার ৮শ' ৬৫ জন। পাসের হার হচ্ছে শতকরা ৪৬ দশমিক ৯৪। গত বছরের তুলনায় এবার পাসের হার শতকরা ১০ ভাগ কম।

১৯৯০ সালের দাখিল পরীক্ষার ফলাফল ঘোষণার প্রাক্কালে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সভা কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে প্রেসিডেন্টের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার বলেছেন, শিক্ষা ক্ষেত্রে মাদ্রাসা বর্তমানে প্রয়োজনীয় ভূমিকা পালন করছে। তিনি অবশ্য উল্লেখ করেন, মাদ্রাসা শিক্ষাকে পূর্ণাঙ্গ শিক্ষায় রূপান্তরের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্যে একটি কমিটি গঠন করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে তিনি উল্লেখ করেন, ইতিমধ্যেই ১৬২টি মাদ্রাসায় বিজ্ঞান বিভাগ খোলার ব্যবস্থা নেয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে দাখিল পরীক্ষার পাসের হার সংক্রান্ত এক প্রশ্নের জবাবে শিক্ষা উপদেষ্টা বলেন, নকল প্রবণতা রোধে সরকারের বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণের ফলেই মাদ্রাসা পরীক্ষায় পাসের হার কমছে। এ প্রসঙ্গে তিনি বলেন, নকল করার অভিযোগে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় ৩ হাজার ৬শ' ৭৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে শিক্ষা সচিব, মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান ও কন্ট্রোলারসহ শিক্ষা মন্ত্রণালয় ও মাদ্রাসা বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন



## দাখিল পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর

**ফলাফলের পরিসংখ্যান**

পরীক্ষায় মোট ছাত্র ছিল ৫০ হাজার ৬শ' ৮৩ জন। কৃতকার্য হয়েছে ১৯ হাজার ৩শ' ৭৪ জন। পাসের হার শতকরা ৪৭ দশমিক ৮৮।

মোট ছাত্রী সংখ্যা ৫ হাজার ৯শ' ১। মোট কৃতকার্যের সংখ্যা ২ হাজার ৪শ' ৯১ জন। পাসের হার শতকরা ৪২ দশমিক ২১।

**প্রথম বিভাগ**

ঘোষিত ফলাফল অনুযায়ী প্রথম বিভাগে পাস করেছে ৯শ' ৫০ জন। তন্মধ্যে ছাত্র হচ্ছে ৮শ' ৯০ এবং ছাত্রী হচ্ছে ৬০ জন।

**দ্বিতীয় বিভাগ**

দ্বিতীয় বিভাগে সর্বমোট কৃতকার্য হয়েছে ১০ হাজার ৩শ' ৬৬ জন। তন্মধ্যে ছাত্র ৯ হাজার ২শ' ৪৩ জন এবং ছাত্রী ১ হাজার ১শ' ২৩ জন।

**তৃতীয় বিভাগ**

তৃতীয় বিভাগে মোট কৃতকার্যের সংখ্যা ১০ হাজার ৫শ' ৪৯ জন। তন্মধ্যে ছাত্র ছিল ৯ হাজার ২শ' ৪১ এবং ছাত্রী ছিল ২ হাজার ৪শ' ৯১ জন।

**গ্রুপ ভিত্তিক ফলাফল**

০ সাধারণঃ মোট পরীক্ষার্থী ৪২ হাজার ৭শ' ৪৭ জন। মোট কৃতকার্য হয়েছে ২০ হাজার ৮৩ জন। পাসের হার শতকরা ৪৬ দশমিক ৯৮।

০ বিজ্ঞানঃ মোট পরীক্ষার্থী ২ হাজার ৬শ' ২১ জন। মোট কৃতকার্য হয়েছে ১ হাজার ৩শ' ৫১ জন। পাসের হার শতকরা ৫১ দশমিক ৫৫।

০ মুজাবিবদঃ মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ১শ' ৮৩ জন। মোট কৃতকার্য হয়েছে ৪শ' ১৮ জন। পাসের হার শতকরা ৩৫ দশমিক ৩৩ জন।

০ হিফজুল কুরআনঃ মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩৩ জন। মোট কৃতকার্য হয়েছে ১৩ জন। পাসের হার শতকরা ৩৯ দশমিক ৩৯।

**সম্মিলিত মেধা তালিকা**

১৯৯০ সালে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় (সাধারণ, বিজ্ঞান, মুজাবিবদ ও কোরআন) স্থান প্রাপ্ত প্রথম ১০ জন হচ্ছেনঃ

০ যশোর ম-৫১৮৭৬ (সাধারণ) তোহফা বেগম, যশোর মহিলা সিনিয়র মাদ্রাসা, প্রাপ্ত নম্বর ৮৪৩।

০ কুমিল্লা- ২৩৫৪ (বিজ্ঞান) শাফায়াত আহমদ, ইসলামিয়া আলিয়া মাদ্রাসা, কুমিল্লা, প্রাপ্ত নম্বর ৮৪২।

০ ঢাকা- ১০১৭৮ (সাধারণ) মোহাম্মদ জুলকার নাইন, তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা, প্রাপ্ত নম্বর ৮০৯।

০ শ্রীপুর- ১১৪৫৯ (সাধারণ) আছাদুজ্জামান ছিদ্দিকী, ভাংনাহাটি সি. মাদ্রাসা, শ্রীপুর, প্রাপ্ত নম্বর ৮০৩।

০ খুলনা- ৫০০০১ (সাধারণ) মোহাম্মদ মাছুম বিল্লাহ, খুলনা আলিয়া মাদ্রাসা, প্রাপ্ত নম্বর ৭৯৩।

০ ধামরাই- ১০২৬২ (সাধারণ) ইউসুফ আবদুল্লাহ সুমন, শরীফবাগ ইসঃ সিঃ মাদ্রাসা, ধামরাই, প্রাপ্ত নম্বর ৭৯২।

০ কুমিল্লা- ২৩৬৭ (বিজ্ঞান) মোঃ হারুনুর রশিদ, পিপুলিয়া সিনিয়র মাদ্রাসা, কুমিল্লা, প্রাপ্ত নম্বর ৭৭৮।

০ ঢাকা- ১০১৮০ (সাধারণ) মোহাম্মদ রুহুল আমীন, তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা, গেণ্ডারিয়া, ঢাকা ও ঢাকা- ১০১৩১ (সাধারণ) খন্দকার মোহাম্মদ শামীম হোসেন, নয়াটোলা এ, ইউ, এম, সি, মাদ্রাসা, ঢাকা।

০ ফরাজিকান্দি- ২৪৬০ (বিজ্ঞান) মোহাম্মদ আবদুর রহমান, ফরাজিকান্দি ওয়াইসিয়া আলিয়া মাদ্রাসা।

০ ছারছীনা- ২০৩৭ (বিজ্ঞান) মুহাম্মদ মিযানুর রহমান, ছারছীনা দারুস সুন্নাত আলিয়া মাদ্রাসা, প্রাপ্ত নম্বর ৭৬১।